অধ্যাপক ড.মোহাম্মদ আনোয়ার হোসেন
(চন্দন আনোয়ার)
ডিন
সামাজিক বিজ্ঞান ও মানবিক অনুষদ
নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
নোয়াখালী-৩৮১৪
মোবাইল : +৮৮-০১৭১৬১৯৫৭১৭

Professor Dr. Mohammad Anwer Hossain
(Chondon Anwar)
Dean
Faculty of Social science & Humanities
Noakhali Science and Technology University
Noakhali-3814
www.nstu.edu.bd
ই মেইল : chondonanwar@gmail.nstu.com

তারিখ: ১৯ ডিসেম্বর ২০২৪


# বিজ্ঞপ্তি

**বিষয়: গবেষণা-পত্রিকার জন্য প্রবন্ধ আহ্বান**

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, **NSTU Journal of Arts, Social Science and Education (NJASE)** নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের *সামাজিক বিজ্ঞান ও মানবিক অনুষদ, শিক্ষা বিজ্ঞান অনুষদ এবং লাইব্রেরি ও ইনফরমেশন সায়েন্স ইনস্টিটিউট* থেকে প্রকাশিতব্য একটি ডাবল ব্লাইন্ড পিয়ার রিভিয়্যুড (**Double Blind Peer-Reviewed**) গবেষণা-পত্রিকা। উক্ত গবেষণা-পত্রিকার প্রথম সংখ্যার জন্য লেখা আহ্বান করা হচ্ছে। আগামী ৩১ জানুয়ারি ২০২৫ খ্রিষ্টাব্দের মধ্যে ০২ (দুই) সেট প্রিন্টকপি এবং সফট্কপি (ওয়ার্ড ও পিডিএফ) প্রধান সম্পাদক বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

ই-মেইল : **chondonanwar@nstu.edu.com**
**chondonanwar@gmail.com**

ধন্যবাদান্তে



অধ্যাপক ড. মোহাম্মদ আনোয়ার হোসেন
(চন্দন আনোয়ার)
প্রধান সম্পাদক
**NSTU Journal of Arts, Social Science and Education (NJASE)**
নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, নোয়াখালী।
মোবাইল: ০১৭১৬১৯৫৭১৭

সংযুক্তি : সাধারণ নির্দেশনাবলী

অধ্যাপক ড.মোহাম্মদ আনোয়ার হোসেন
(চন্দন আনোয়ার)
ডিন
সামাজিক বিজ্ঞান ও মানবিক অনুষদ
নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
নোয়াখালী-৩৮১৪

Professor Dr. Mohammad Anwer Hossain
(Chondon Anwar)
Dean
Faculty of Social science & Humanities
Noakhali Science and Technology University
Noakhali-3814

মোবাইল : +৮৮-০১৭১৬১৯৫৭১৭ www.nstu.edu.bd ই মেইল : chondonanwar@gmail.nstu.com

## সাধারণ নির্দেশনাবলী

১. **NSTU Journal of Arts, Social Science and Education (NJASE)** নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রকাশিতব্য *সামাজিক বিজ্ঞান ও মানবিক অনুষদ, শিক্ষা বিজ্ঞান অনুষদ এবং লাইব্রেরি ও ইনফরমেশন সায়েন্স ইনস্টিটিউট-এর* একটি ডাবল ব্লাইন্ড পিয়ার রিভিয়্যুড (Double Blind Peer-Reviewed) গবেষণা-পত্রিকা।

২. মানবিক, সামাজিক বিজ্ঞান, শিক্ষা, গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞান বিষয়ে গবেষকদের লেখা গ্রহণ করা হবে।

৩. বাংলা অথবা ইংরেজি উভয় ভাষার প্রবন্ধ গ্রহণযোগ্য হবে।

৪. প্রবন্ধের শব্দসংখ্যা ৩৫০০ থেকে ৮০০০-এর মধ্যে হতে হবে।

৫. প্রিন্টেড ও অনলাইন উভয় ভার্সনে প্রকাশিত হবে।

৬. একক বা যৌথ নামে একই সংখ্যায় একজনের একাধিক লেখা গ্রহণযোগ্য হবে না।

৭. অভিজ্ঞ ও বিশেষজ্ঞ মূল্যায়নকারীর নির্দেশনা ও সুপারিশ সাপেক্ষে প্রবন্ধ প্রকাশ হবে।

৮. প্রাবন্ধিক ও মূল্যায়নকারীর পরিচয় গোপন থাকবে।

৯. মূল প্রবন্ধের কোথাও প্রাবন্ধিকের নাম উল্লেখ থাকবে না। পৃথক পৃষ্ঠায় প্রবন্ধের মৌলিকত্ব ও স্বত্ব দাবি করে একটি স্বাক্ষরিত ঘোষণাপত্র দিতে হবে; এবং নাম, পদবি, প্রতিষ্ঠান, ফোন নম্বর ও ই-মেইল উল্লেখ করতে।

১০. বাংলা ভাষায় লিখিত প্রবন্ধের ক্ষেত্রে **Nikosh** ফন্টের ১৪ পয়েন্টে এবং ইংরেজির ভাষায় লিখিত প্রবন্ধের ক্ষেত্রে Times New Roman ফন্টের ১২ পয়েন্টে অক্ষর বিন্যাস হবে। উভয়ক্ষেত্রে লাইন ও প্যারা স্পেসিং হবে যথাক্রমে 1.5 Ges Auto।

১১. বাংলা ও ইংরেজি উভয় ভাষায় লিখিত প্রবন্ধের ক্ষেত্রে গবেষণার লক্ষ্য, উদ্দেশ্য/প্রশ্ন, প্রাসঙ্গিক তত্ত্ব, গবেষণা পদ্ধতি, ফলাফল ও সুপারিশ (যদি থাকে) সম্পর্কিত অনধিক ২০০-২৫০ শব্দের একটি ইংরেজি ভাষায় সার-সংক্ষেপ (Abstract) দিতে হবে।

১২. গবেষণা-সারসংক্ষেপ (Abstract)-এর পর ৫(পাঁচ)-টি সূচকশব্দ (Keywords) দিতে হবে।

১৩. গবেষণা প্রবন্ধের সাধারণ কাঠামোগত গঠন নিম্নরূপ:

ভূমিকা (Introduction)
গবেষণা-সমস্যার বিবৃতি/জিজ্ঞাসা (Statement of the Research Problem/Research Questions)
সাহিত্য পর্যালোচনা (Literature Review)
গবেষণার লক্ষ্য ও উদ্দেশ্য (Aims and Objectives of the Study/Research Objectives)
গবেষণা পদ্ধতি (Study Methods)
তাত্ত্বিক কাঠামো/প্রাসঙ্গিক তত্ত্ব (Theoretical Framework/ Relevant Theory)
তথ্য-উপাত্ত বিশ্লেষণ (Analysis of data & information)
গবেষণার ফলাফল (Research Finhdings)
তাত্ত্বিক বাস্তবায়ন (যদি থাকে) Theoretical Implementation (if any)
উপসংহার (Conclusion)
তথ্যসূত্র (References)

১৪. বাংলা প্রবন্ধে বাংলা একাডেমি কর্তৃক প্রণীত বানানরীতি এবং ইংরেজি প্রবন্ধে British অথবা American বানানরীতির যেকোনো একটি অনুসরণ করতে হবে, তবে উভয়ক্ষেত্রে উদ্ধৃতির বানান অপরিবর্তিত থাকবে।

১৫. প্রবন্ধের ভেতরে সরাসরি উদ্ধৃতি বা ভাব, ধারণা, বক্তব্য বা প্যারাফ্রেইজিং-এর তথ্যনির্দেশিকা (in-text citation) এবং প্রবন্ধের শেষে তথ্যসূত্র (References) উল্লেখের কৌশলের ক্ষেত্রে আমেরিকান সাইকোলজিক্যাল অ্যাসোসিয়েশন (American Psychological Association) কর্তৃক প্রকাশিত Publication Manual of the American

Psychological Association APA (7th ed.) অনুসরণ করতে হবে। প্রবন্ধের ভিতরে প্রথম বন্ধনীর মধ্যে তথ্যনির্দেশ (in-text citation) উল্লেখের ক্ষেত্রে লেখকের শেষ নাম (last name), সাল ও পৃষ্ঠা নম্বর এবং শেষে তথ্যসূত্রে (References) প্রথমে লেখকের শেষ নাম, তারপর প্রথম নাম (first name/initial) উল্লেখ করতে হবে। নিম্নলিখিত দু'টি ক্ষেত্র বাদে অন্য সব ক্ষেত্রে তথ্যনির্দেশিকা ও তথ্যসূত্র উল্লেখ সংক্রান্ত যেকোনো বিষয়ে APA (7th ed.) অনুসরণ করতে হবে।

১৬. উদ্ধৃতি ২৫ শব্দের বেশি হলে আলাদা অনুচ্ছেদে (indenting) উপস্থাপন করতে হবে। কবিতার উদ্ধৃতিতে মূলের পঙ্‌ক্তিবিন্যাস রক্ষা করতে হবে।

১৭. কোনো বই বা লেখার দু'য়ের অধিক লেখক/সম্পাদক হলে প্রতেক্যের শেষ নাম উল্লেখ করতে হবে। যেমন: (বিশ্বাস ও রহমান, ২০২২), (বিশ্বাস, রহমান ও বন্দ্যোপাধ্যায়, ২০২৪), আর তিনের অধিক হলে (বিশ্বাস ও অন্যান্য, ২০২০)।

১৮. প্রবন্ধের শেষে তথ্যসূত্র সংযোজিত হবে। বাংলা তালিকার পর ইংরেজি তালিকা হবে। তথ্যসূত্রে লেখকের নাম বর্ণানুক্রমে লিখতে হবে। লেখকের নামের শেষ নাম আগে বসবে, তারপর কমা (,) এবং তারপর বসবে প্রথম নাম। বই, গবেষণা-পত্রিকা (Journal), সাময়িকী বা ম্যাগাজিন, পত্রপত্রিকা, সংবাদপত্র ইত্যাদির নাম বাঁকা অক্ষরে (Italic) লিখতে হবে।

## APA (7th ed.) অনুসরণে তথ্যসূত্র লেখার দৃষ্টান্ত

### বাংলা ভাষায় লিখিত প্রবন্ধের ক্ষেত্রে

**ক. বইয়ের লেখক একজন হলে:**

খ. সরকার, স্বরোচিষ (২০১১)। *কবি গান : ইতিহাস ও রূপান্তর*, বাংলা একাডেমি, ঢাকা।

**গ.সম্পাদিত গ্রন্থ হলে:**

উমর, বদরুদ্দীন (সম্পা.) (২০০৩)। *নারী প্রশ্ন প্রসঙ্গ।* শ্রাবণ প্রকাশনী, ঢাকা।

**ঘ. রচনা ও সম্পাদনা গ্রন্থ হলে:**

আনোয়ার, চন্দন ও সাহা, শুভেন্দু (রচনা ও সম্পা.) (২০১৮)। *ভাষা ও সাহিত্যের যুগলবন্দি*। বাংলা বিভাগ, নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, নোয়াখালী।

**ঙ. অনূদিত গ্রন্থ হলে:**

ফিশার, আর্নস্ট (২০০৯)। *দি নেসেসিটি অব আর্ট* (শফিকুল ইসলাম, অনু.)। সংঘ প্রকাশন, ঢাকা। (মূল লেখা প্রকাশিত ১৯৫৯)।

**চ. গবেষণা-পত্রিকার প্রবন্ধ হলে:**

সরকার, দিব্যদ্যুতি (২০১৭)। বাংলাদেশের মুক্তিযুদ্ধ ও শরণার্থী : ভারতীয় প্রতিক্রিয়া। *ইনস্টিটিউট অব বাংলাদেশ স্টাডিজ জার্নাল* ২৪. ১০৭-১২১।

**ছ. সম্পাদিত গ্রন্থের প্রবন্ধ হলে:**

বেগম, মালেকা (২০১৩)। মুক্তিযুদ্ধে বাংলাদেশের নারীর অবদান। *সমাজ ও সাহিত্যে নারী* (বেলা দাস সম্পা.)। একুশশতক, কলকাতা।

**জ. সাময়িকী বা ম্যাগাজিন হলে:**

হোসেন, সৈয়দ আকরম (২০১৭)। রিজিয়া রহমান, স্মরণে-বিস্মরণে। *গল্পকথা*, রাজশাহী।

**ঝ. দৈনিক পত্রিকা হলে**

পাল, বিধান চন্দ্র (২০২৪, সেপ্টেম্বর ১৫)। উন্নতনগর ও তরুণ সমাজ : বর্তমান ও আগামীর বাংলাদেশ। *দৈনিক প্রথম আলো*।

**ঞ. অনলাইন সংস্করণ হলে**

অধ্যাপক ড.মোহাম্মদ আনোয়ার হোসেন
(চন্দন আনোয়ার)
ডিন
সামাজিক বিজ্ঞান ও মানবিক অনুষদ
নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
নোয়াখালী-৩৮১৪

Professor Dr. Mohammad Anwer Hossain
(Chondon Anwar)
Dean
Faculty of Social science & Humanities
Noakhali Science and Technology University
Noakhali-3814

মোবাইল : +৮৮-০১৭১৬১৯৫৭১৭ www.nstu.edu.bd ই মেইল : chondonanwar@gmail.nstu.com

মুহাম্মদ, আনু (২০২২, মার্চ ১৩)। চতুর্থ শিল্প বিপ্লব ও বিশ্বব্যবস্থার বৈপরীত্য। *বণিক বার্তা*। https://bonikbarta.net/চতুর্থ শিল্প বিপ্লব ও বিশ্বব্যবস্থার বৈপরীত্য

## ইংরেজি ভাষায় লিখিত প্রবন্ধের ক্ষেত্রে

**1. Books**

- **Format (Author, Year, Title, Publisher):**
  - **In-text citation**: (Author, Year)
  - **Reference list**:
    - Single Author:
      Last Name, F. M. (Year). *Title of the book* (Edition, if any). Publisher.
    - Multiple Authors (up to 20):
      Last Name, F. M., & Last Name, F. M. (Year). *Title of the book*. Publisher.
- **Example**: Smith, J. A. (2020). *Understanding psychology* (3rd ed.). Pearson.

**2. Journal Articles**

- **Format (Author, Year, Title, Journal Name, Volume(Issue), Pages, DOI):**
  - **In-text citation**: (Author, Year)
  - **Reference list**:
    Last Name, F. M., & Last Name, F. M. (Year). Title of the article. *Journal Name, Volume* (Issue), Pages. https://doi.org/xxxxx
- **Example**: Brown, L. M., & Green, P. (2019). Effects of social media on learning. *Journal of Education, 45*(2), 100–115. https://doi.org/10.xxxx

**For 3 or more authors**: You cite only the first author's surname, followed by "et al."

- **Example**: (Smith et al., 2020)

**3. Websites**

**Format (Author, Year, Title, URL):**

**In-text citation**: (Author or Organization, Year)

**Reference list**: Author or Organization. (Year, Month Date). Title of the page. Website Name. URL

**Example**: American Psychological Association. (2023, January 15). APA style blog. APA. https://apastyle.apa.org

**4. Newspaper Articles**

**Format (Author, Year, Title, Newspaper Name, URL):**

**In-text citation**: (Author, Year)

**Reference list**: Author, F. M. (Year, Month Day). Title of the article. *Newspaper Name*. URL

**Example**: Patel, R. (2021, December 5). Climate change action: Where do we stand? *The New York Times*. https://www.nytimes.com

5. **Chapters in Edited Books**

**Format (Chapter Author, Year, Chapter Title, Editor, Book Title, Pages, Publisher):**

**In-text citation**: (Author, Year)

**Reference list**: Author, F. M. (Year). Title of the chapter. In E. Editor (Ed.), *Title of the book* (pp. xx–xx). Publisher.

অধ্যাপক ড.মোহাম্মদ আনোয়ার হোসেন
(চন্দন আনোয়ার)
ডিন
সামাজিক বিজ্ঞান ও মানবিক অনুষদ
নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
নোয়াখালী-৩৮১৪

Professor Dr. Mohammad Anwer Hossain
(Chondon Anwar)
Dean
Faculty of Social science & Humanities
Noakhali Science and Technology University
Noakhali-3814

মোবাইল : +৮৮-০১৭১৬১৯৫৭১৭ www.nstu.edu.bd ই মেইল : chondonanwar@gmail.nstu.com

**Example**: Jones, R. (2018). History of sociology. In P. Taylor (Ed.), *Modern sociology* (pp. 50–75). Sage.

**6. Videos (e.g., YouTube)**

**Format (Creator, Year, Title, URL):**

**In-text citation**: (Creator, Year)

**Reference list**: Creator. (Year, Month Day). Title of the video [Video]. YouTube. URL

**Example**: TED. (2020, March 5). How to write a great story [Video]. YouTube. https://www.youtube.com/watch?v=xxxxxx

7**. Government Reports**

**Format (Authoring Agency, Year, Title, URL):**

**In-text citation**: (Agency, Year)

**Reference list**: Agency Name. (Year). *Title of the report* (Report No. if applicable). Publisher. URL

**Example**: World Health Organization. (2022). *Global health report 2022* (Report No. 23). WHO. https://www.who.int/reports/xxxx

8. **Thesis or Dissertation**

**Format:** Author(s). (Year). *Title of the thesis /dissertation* (Publication No. [ProQuest/University database number]). [Doctoral dissertation/Master's thesis, University Name]. Database.

**Example:** Davis, S. J. (2022). *Examining cognitive strategies in high-stress environments* (Publication No. 293024) [Doctoral dissertation, University of Chicago]. ProQuest Dissertations & Theses Global.

১৯. প্রবন্ধ বিষয়ক সকল দায়িত্ব লেখক বহন করবেন। গবেষণায় কুম্ভীলকবৃত্তি (Plagiarism) প্রমাণিত হলে এবং নৈতিকতার (ঋণস্বীকার/সততা/তথ্য-পরিবেশন) ব্যত্যয় ঘটলে সম্পাদনার যে-কোনো পূর্বে সম্পাদনা-পর্ষদ প্রবন্ধ বাতিল করার অধিকার সংরক্ষণ করে। তবে বাংলা ও ইংরেজি উভয় প্রবন্ধের ক্ষেত্রে সর্বোচ্চ ২০% কুম্ভীলকবৃত্তি (Plagiarism) গ্রহণযোগ্য। অসাবধানতাবশত কুন্তীলকবৃত্তি-আক্রান্ত লেখা প্রকাশিত হয়ে গেলে সম্পূর্ণ দায় লেখকের, প্রযোজ্য ক্ষেত্রে চাকরিজীবী হলে তাঁর প্রতিষ্ঠানকে অবহিত করা হবে এবং ভবিষ্যতে গবেষণা-প্রবন্ধ প্রকাশের সুযোগ দেয়া হবে না।

২০. কোনো অনির্ভরযোগ্য সূত্র হতে গৃহীত তথ্য গ্রহণযোগ্য হবে না; যেমন–বেআইনি, নিবন্ধনহীন প্রকাশনা সংস্থা হতে প্রকাশিত সহজলভ্য, পাইরেইটেড, চটুল সংস্করণের বই অথবা গাইড/ নোট বই জাতীয় বই, অথবা অনির্ভরযোগ্য ওয়েবসাইট এবং ব্যক্তিগত ব্লগের তথ্য-উপাত্ত গ্রহণযোগ্য নয়।

২১. আর্টিফিসিয়াল ইন্টিলিজেন্স (AI) এর মাধ্যম লিখিত কোনো কনটেন্ট (content) গ্রহণযোগ্য হবে না। তবে, Generative AI এবং AI assisted Technology প্রবন্ধের ভাষার মানোন্নয়ন ও পাঠযোগ্যতা বাড়ানোর ক্ষেত্রে ব্যবহার করা যেতে পারে।